

বীরমোহন উচ্চ বিদ্যালয়
ডাসার, কালকিনি, মাদারীপুর
www.bmhs.edu.bd

বিজ্ঞপ্তি

গত ২৮.০৯.২০১৯ খ্রি: ঢাকাস্থ বিয়াম ভবনে প্রাক্তন শিক্ষার্থী, ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দ এবং শূভানুধ্যায়ীদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় ঐতিহাসিক বীরমোহন উচ্চ বিদ্যালয়ের শত বর্ষ পূর্তি উপলক্ষে একটি মানসম্মত স্মারক গ্রন্থ প্রকাশনার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

তাই একটি মানসম্মত স্মারক গ্রন্থ প্রকাশনা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত “ছক” মোতাবেক প্রয়োজনীয় তথ্য/উপাত্ত/ছবি, নিম্নোক্ত গাইডলাইন মোতাবেক মানসম্মত লিখনী, বিজ্ঞাপন, বাণী ইত্যাদি দিয়ে বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী, সংশ্লিষ্ট শূভানুধ্যায়ীসহ সকলকে বিনীত অনুরোধ করা যাচ্ছে।

মানসম্মত লিখনী ও তথ্য/উপাত্ত দেয়া সংক্রান্ত গাইডলাইন:-

- ১। সাবেক শিক্ষার্থীগণ কর্তৃক নির্ধারিত “ছক”-এ কম্পিউটার মুদ্রণ করে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত সরবরাহ করতে হবে।
- ২। “ছক” টি বিদ্যালয়ের ওয়েবসাইট www.bmhs.edu.bd হতে ডাউনলোড করা যাবে। নিজের নাম, ঠিকানাসহ যাবতীয় তথ্যাদি কম্পিউটার মুদ্রণ করিয়ে স্বাক্ষর করত: স্ক্যান করে এবং অপর একটি কপি MS word-এ Nikosh Font-এ পাঠাতে হবে। বিদ্যালয়ের ওয়েবসাইটে এবং প্রকাশনা কমিটি আহবায়কের e-mail. ঠিকানা.....তে প্রেরন করবেন। বিদ্যালয়ের কোন প্রাক্তন শিক্ষার্থীগণ নির্ধারিত ‘ছক’ মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদি / ছবি আগামী ২৬/১০/১৯ ইং তারিখের মধ্যে সরবরাহ করবেন।
- ৩। বাংলাদেশের স্বাধীনতা, কৃষ্টি, সংস্কৃতি, মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু, দেশ নেত্রী শেখ হাসিনা, ইতিহাসে স্বীকৃত মহামানবদের জীবনের মধ্য হতে শিক্ষনীয় অংশ, মানসম্মত গল্প, কবিতা, রম্য রচনা, স্মৃতি কথা, মাদারীপুরের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি এবং মাদারীপুর জেলার বরণ্য ব্যক্তিবর্গের জীবনী ইত্যাদি বিষয়ে লেখনী প্রত্যাশা করা হচ্ছে।

বঙ্গবন্ধুর স্বপ্ন “ক্ষুধা, দারিদ্র, দুর্নীতি, বৈষম্য মুক্ত একটি সুখী সমৃদ্ধশালী সোনার বাংলা গঠনে সরকারের প্রতিশ্রুতি” “আমার গ্রাম আমার শহর তারুনাই শক্তি”-এ বিষয়গুলো বিবেচনায় রেখে আগামী প্রজন্মের মধ্যে মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার গুরুত্ব, বঙ্গবন্ধুর অবদান, বিভিন্ন ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর উল্লেখযোগ্য পদক্ষেপ সমূহ, তরুণ সমাজের নীতি নৈতিকতার উন্নয়ন, সু-শিক্ষার আবশ্যিকতা, আগামী প্রজন্মের জন্য একটি টেকসই উন্নত বাংলাদেশ গড়ায় করণীয় ইত্যাদি বিষয়ে লেখনী প্রকাশনায় অগ্রাধিকার পাবে।

- ৪। A4 সাইজের সর্বোচ্চ দুই পৃষ্ঠার মধ্যে লিখনী সীমিত রাখাটাই কাম্য। তবে অভিজ্ঞ বাছাই কারীদের বিবেচনায় অসাধারণ মানের কোন লেখনির ক্ষেত্রে আকার কিছুটা শিথিল করা যেতে পারে।
- ৫। সরকার বা রাষ্ট্রবিরোধী বা বিতর্কিত কোন লেখা সরাসরি অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
- ৬। লেখা বাছাই এর ক্ষেত্রে প্রকাশনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। প্রকাশনা কমিটি প্রয়োজনে এ সকল বিষয়ে কোন বিশেষজ্ঞের পরামর্শ গ্রহণ করতে পারে।
- ৭। লেখা প্রদানে আগ্রহীগণকে আগামী ২০-১১-২০১৯ ইং তারিখের মধ্যে বিদ্যালয়ের ওয়েবসাইট এবং প্রকাশনা কমিটির আহবায়কের e-mail-এ প্রেরণ করতে হবে। এর পরে কোন তথ্য বা লেখা গ্রহণ করা হবে না।
- ৮। একটি মানসম্মত স্মারক গ্রন্থ প্রকাশনা অত্যন্ত ব্যয়বহল। যাদের বিজ্ঞাপন সংগ্রহ করার সুযোগ রয়েছে তারা সর্বোচ্চ আন্তরিকতার সাথে অধিক সংখ্যক বিজ্ঞাপন সংগ্রহ করে বিজ্ঞাপন প্রকাশের জন্য material আগামী ২০-১১-২০১৯ ইং তারিখের মধ্যে প্রকাশনা কমিটির নিকট online -এ প্রদান করবেন। সকল অর্থই একটি ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালনা করা হবে এবং প্রকাশনার পরবর্তী সময়ে আয়/ব্যয়ের হিসাব সকলকে অবহিত করা হবে। কোন অবস্থায়ই কোনরূপ আর্থিক অনিয়ম গ্রহণযোগ্য হবেনা। ব্যাংক হিসাব নম্বর খুব শীঘ্রই online -এ অবহিত করা হবে।